

কুয়েটের ঘটনায় জবি ছাত্রদলের শান্তিপূর্ণ অবস্থান

জবি প্রতিনিধি

২০ ফেব্রুয়ারি, ২০২৫
০১:৪২

শেয়ার

অ +

অ -



ছবি: কালের কণ্ঠ

সম্প্রতি খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) সংঘটিত ঘটনার প্রতিবাদে জগন্নাথ বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে শান্তিপূর্ণ অবস্থান কর্মসূচি পালন করেছে শাখা ছাত্রদল।

বুধবার (১৯ ফেব্রুয়ারি) দুপুর ২টার দিকে বিশ্ববিদ্যালয়ের ভাষা শহীদ রফিক ভবনের সামনে এ কর্মসূচি পালন করেন।

এ সময় শাখা ছাত্রদল নেতৃবৃন্দ জানায়, বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল, কুয়েট শাখার শান্তিপূর্ণ সদস্য ফরম বিতরণে সুপারিকল্পিতভাবে ডামি সাধারণ শিক্ষার্থী সেজে হামলা করা হয়েছে। এ ছাড়া বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন ব্যানারকে অপব্যবহার করা হয়েছে।

এরই প্রতিবাদে জগন্নাথ বিশ্ববিদ্যালয় ছাত্রদলের শান্তিপূর্ণ অবস্থান কর্মসূচি নেওয়া হয়েছে।

এ বিষয়ে শাখা ছাত্রদলের আহ্বায়ক মেহেদী হাসান হিমেল বলেন, আমরা কোনো সহিংসতা চাই না। নিরাপদ শিক্ষার্থীবান্ধব ক্যাম্পাস চাই। এ জন্যই আমরা শান্তিপূর্ণ অবস্থান কর্মসূচি পালন করেছি।

কর্মসূচিতে আরো উপস্থিত ছিলেন জগন্নাথ বিশ্ববিদ্যালয় ছাত্রদলের সদস্য সচিব শামসুল আরেফিনসহ কমিটির যুগ্ম-আহ্বায়ক ও আহ্বায়ক সদস্যরা।